



ELECTION COMMISSION
BANGLADESH NURSES ASSOCIATION (BNA)
বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ)
Estd: 1972, Reg: S-4122B

সূত্রঃ বিএনএ/নি.ক-২০২৩/০৮

তারিখঃ ০৮/০৯/২০২৩ইং

**Chairman & Chief
Election
Commissioner**

Major (Ret.) Dalia
Hossain

**Deputy Chief
Election
Commissioner**
Monira Khanom

**Members of Election
Commissioner**
Momtaz Begum

Dr. Shanzida Khatun
Mohommad Najmul
Quader

বিশেষ জরুরী বিজ্ঞপ্তি

বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ) জাতীয় কার্যনির্বাহী বোর্ডের নির্বাচন- ২০২৩

এতদ্বারা বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ) এর সন্মানিত সকল সদস্যদের সদয় অবগতি জন্য জানানো যাচ্ছে যে, বিএনএ'র নির্বাচন ২০২৩ সংক্রান্ত বিষয়ে স্বাধীনতা নার্সেস পরিষদ (স্বানাপ)-এর আহ্বায়ক কারিমা খাতুন এবং সদস্য সচিব আনিছুর রহমান স্বাক্ষরিত একটি আবেদন গত ৫ তারিখে নির্বাচন কমিশন গ্রহণ করেন। যেখানে বিএনএ'র নির্বাচন ২২শে সেপ্টেম্বর, ২০২৩ইং তারিখের পরিবর্তে আগামী বছর ২০২৪ সালের ফেব্রুয়ারী/মার্চ মাসে করার জন্য অনুরোধ করা হয়। উক্ত বিষয়ে স্বাধীনতা নার্সেস পরিষদ (স্বানাপ)-এর আহ্বায়ক কারিমা খাতুন এবং সদস্য সচিব আনিছুর রহমানের উদ্যোগে গত ০৭/০৯/২০২৩ইং তারিখে স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ)-এর সন্মানিত সভাপতি ডাঃ জামাল উদ্দিন চৌধুরী ও মহাসচিব অধ্যাপক ডাঃ কামরুল হাসান মিলন এর সংগে স্বাচিপ কার্যালয়ে বিএনএ'র নির্বাচন কমিশন, কেন্দ্রীয় কমিটি ও স্বাধীনতা নার্সেস পরিষদ (স্বানাপ)-এর এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় স্বাচিপের সভাপতি ও মহাসচিব বিএনএ'র নির্বাচনের কার্যক্রমের জন্য কমিশনের প্রতি অত্যন্ত আন্তরিকতা প্রকাশ করেন। মহাসচিব বলেন আমরা বিএনএ'র ন্যায় বিএনএ-কে শক্তিশালী সংগঠন হিসাবে দেখতে চাই এবং বর্তমান সরকার অনেক নার্স নিয়োগ দিয়েছে। বিএনএ'র সদস্য সংখ্যা আরো বৃদ্ধি করে সবার অংশ গ্রহন মূলক একটি নির্বাচন হলে নেত্রীত্ব গ্রহন যোগ্যতা পাবে। বর্তমান যে পরিমান সদস্য হয়েছে তাতে গ্রহন যোগ্য নির্বাচন সম্ভব নয়। স্বাচিপ সভাপতি বলেন বিএনএ'র সদস্য সংখ্যা বৃদ্ধি এবং নির্বাচনের জন্য সব সরকারী হাসপাতালে স্বাচিপের শাখা কমিটির নেত্রীবৃন্দ যেন আপনাদের সব রকম সহযোগিতা করেন সেই বিষয়ে আমরা ব্যবস্থা নিব। তিনি বলেন, আমরা চাই সদস্য সংখ্যা বৃদ্ধি করে আগামী দুই মাসের মধ্যে অথবা দেশের জাতীয় সংসদ নির্বাচনের পর বিএনএ'র নির্বাচন করা হউক।

এই লক্ষ্যে নির্বাচন কমিশন বিষয়টি বিবেচনা করে ঘোষিত তফসিলের সকল কার্যক্রম ০৮/০৯/২০২৩ তারিখ থেকে সাময়িক ভাবে স্থগিত করা হলো। এই জন্য নির্বাচন কমিশন সকল সদস্যদের কাছে আন্তরিক ভাবে দুঃখিত। তবে বিএনএ'র সাংগঠনিক কার্যক্রম এবং সদস্য সংগ্রহ কার্যক্রম চলমান থাকিবে। নির্বাচনের পরবর্তী কার্যক্রম বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

মনিরা খানম
উপ-প্রধান নির্বাচন কমিশনার-
সদস্য, নির্বাচন ও নমিনেশন স্ট্যাডিং কমিটি
বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ)